

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা অধিশাখা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ২৫ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|------------|--|
| সভাপতি | হামিদা ইদ্রিস অতিরিক্ত সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| সভার তারিখ | ২৫ জুন ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | মিনি কনফারেন্স রুম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩’ সভায় উপস্থাপন করেন। তিনি ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩’ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানান।

০২। ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩’এর ক্রমিক ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং কর্মপরিকল্পনার ১.৪ ক্রমিক অনুযায়ী সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ হালনাগাদ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়ার্ড ফাইলে প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়।

০৩। এছাড়াও ‘সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩’ অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করায় সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে ধন্যবাদ জানানো হয়।

০৪। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|------|--|--|
| ০১ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়ার্ড ফাইলে প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট |
| ০২ | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|------|--|-----------------------------|
| ০১ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়ার্ড ফাইলে প্রয়োজনীয় সকল ফরম এর লিংকসহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল ধরনের সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং অধীনস্থ অফিসসমূহে একইভাবে সেবা প্রদান করা হচ্ছে কী না তা যথাযথভাবে মনিটরিং করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক যথাযথভাবে নির্দিষ্ট সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



হামিদা ইদ্রিস

অতিরিক্ত সচিব ও আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

স্মারক নম্বর: ৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৪৩

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০

২৫ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
- ৫) যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৬) যুগ্মসচিব, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৭) উপসচিব, জনসংখ্যা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ৯) উপসচিব, প্রশাসন-২ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১০) প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১১) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত সচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ



মল্লিকা খাতুন

